

স্বাধীনতায় বঙ্গবন্ধু শীর্ষক আলোচনা সভা এবং 'বঙ্গবন্ধু শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮' অনুষ্ঠিত



১ অক্টোবর, ২০১৮- সোমবার সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'স্বাধীনতায় বঙ্গবন্ধু' শীর্ষক আলোচনা সভা এবং চার দিন ব্যাপী 'বঙ্গবন্ধু শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮' অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি মোঃ মোকলেসুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে চারুকলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, চারুকলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. বজলুর রশিদ খান, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তারিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল উপস্থিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সাধারণ সম্পাদক মোঃ নাজমুল হুদা। অনুষ্ঠানের পরবর্তী অংশে নতুন ভবনের নিচতলায় 'বঙ্গবন্ধু শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮' এর উদ্বোধন ঘোষণা করেন জাতীয় প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমিন। উল্লেখ্য দেশের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত ৫০ জন শিল্পীর ৭০ টির বেশি শিল্পকর্মের মধ্যে প্রথম ছয়জনকে সম্মাননা ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়। এসময় উপাচার্য মহোদয় সহ অন্যান্য অতিথিবৃন্দরা পুরো গ্যালারী পরিদর্শন করেন। প্রদর্শনীতে সার্বিক সহায়তা করে চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।